

## এমবিবিএস ভর্তি পরীক্ষায় অংশ নেবে ৭২ হাজার শিক্ষার্থী

**নিজস্ব প্রতিবেদক**

১৯ সেপ্টেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ১৯ সেপ্টেম্বর ২০১৯ ০০:৩১



# আমাদের ময়

দেশের সরকারি ও বেসরকারি মেডিক্যাল কলেজে এমবিবিএস প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ১১ অক্টোবর। এবারের পরীক্ষায় অংশ নিতে ৭১ হাজার ৮০১ শিক্ষার্থী আবেদন করেছেন। গতকাল স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন) অধ্যাপক আহসান হাবীব সাংবাদিকদের এসব তথ্য জানান।

তিনি জানান, টেলিটক মোবাইল অপারেটরের মাধ্যমে গত ২৭ আগস্ট থেকে ভর্তিচ্ছুল শিক্ষার্থীরা অনলাইনে আবেদন জমা দেন। আবেদনের শেষ সময় ছিল

মঙ্গলবার দিবাগত রাত ১২টা পর্যন্ত। নির্ধারিত সময়ের মধ্যে ৭১ হাজার ৮০১টি আবেদন জমা পড়ে।

স্বাস্থ্য অধিদপ্তরের তথ্যমতে, বর্তমানে সরকারি ৩৬টি মেডিক্যাল কলেজে মোট আসন সংখ্যা ৪ হাজার ৬৮টি। তার মধ্যে ৩ হাজার ৯৬৬টি সাধারণ, ৮২টি মুক্তিযোদ্ধা কোটা এবং ২০টি উপজাতি কোটা রয়েছে। এ ছাড়া বেসরকারি ৬৯টি মেডিক্যাল

কলেজে আসন সংখ্যা ৬ হাজার ২৩১টি। আর সার্ক ও নন-সার্কভুক্ত দেশগুলোর জন্য সংরক্ষিত আসন সংখ্যা ১ হাজার advertisement  
৭৮৩টি।

আগামী ১১ অক্টোবর রাজধানীসহ সারাদেশের মোট ১৯টি কেন্দ্র অভিযন্ত্রে প্রশ্নপত্রে একযোগে এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১০০ নম্বরের নৈর্ব্যক্তিক প্রশ্নে পদার্থবিদ্যায় ২০,  
রসায়নবিদ্যায় ২৫, জীববিজ্ঞানে ৩০, ইংরেজিতে ১৫ ও বাংলাদেশের ইতিহাস ও মুক্তিযুদ্ধবিষয়ক সাধারণ জ্ঞানে ১০ নম্বর থাকবে।